বাংলাদেশ কৃষি ব্যাংক                                    গোপনী

প্রধান কার্যালয়,ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯২(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯ /                                    তারিখঃ ২১.০৫.২০১৯ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব সরোজিত চৌধুরী, উর্ধতন মুখ্য কর্মকর্তা (পি.আর.এল.ভোগরত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, তালা শাখায় ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য ৬০/১৬-১৭ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ১৬.০৫.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯২/২০১৬-২০১৭/৩৮২৮ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমুহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব সরোজিত চৌধুরী (পি.আর.এল.ভোগরত) আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা,২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদন্ডে দন্ডিত করা হইবে না- এই মর্মে অত্র বিভাগের ২১.০১.২০১৯ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯২(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯/২২৪৪ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব সরোজিত চৌধুরী (পি.আর.এল.ভোগরত) আপনাকে গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা আপনি জনাব সরোজিত চৌধুরী (পি.আর.এল.ভোগরত) আপনার মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তন করিয়া বিকেবি, তালা শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন। যদি আপনার চাকুরীকালে উল্লেখিত টাকা সম্পূর্ণরূপে কর্তন শেষ না হয়, তাহা হইলে অবশিষ্ট অনাদায়ী টাকা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিয়া বিকেবি, তালা শাখার আয় খাতে জমা করিবার জন্যও আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত

(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

জনাব সরোজিত চৌধুরী (এস-৩০১৬)
উর্ধতন মুখ্য কর্মকর্তা (পি.আর.এল.ভোগরত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
সাতক্ষীরা।

---

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯২(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯ / ৬৫৫৭(১৫)                                    তারিখঃ ২১.০৫.২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।

২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।

৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।

৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।

৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২ (পেনশন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক পরবর্তী সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

৯। উপ-মহাব্যবস্থাপক, পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

১০। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা। শাখা / কার্যালয় নিরীক্ষাকালীন সময়ে উপরোক্ত কর্তনের বিষয়টি শাখা / কার্যালয় যথাযথ পরিপালন করিতেছে কিনা তাহা যাচাই করনের জন্য অনুরোধ করা হইল।

১১। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব সরোজিত চৌধুরী (পি.আর.এল.ভোগরত)এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। ইহাছাড়া, উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক জনাব সরোজিত চৌধুরী (পি.আর.এল.ভোগরত) এর মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তনকৃত টাকার ক্রেডিট এ্যাডভাইস বিকেবি, তালা শাখার আয় খাতে জমা করিবার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

১২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সাতক্ষীরা। শাখা নিরীক্ষাকালীন সময়ে উপরোক্ত কর্তনের বিষয়টি শাখা কর্তৃক যথাযথ পরিপালন করিতেছে কিনা তাহা যাচাই করনের জন্য অনুরোধ করা হইল।

১৩। ব্যবস্থাপক,বিকেবি, তালা শাখা, সাতক্ষীরা। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক জনাব সরোজিত চৌধুরী (পি.আর.এল.ভোগরত) এর মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তনকৃত টাকার ক্রেডিট এ্যাডভাইস প্রাপ্তির পর উক্ত টাকা তালা শাখার আয় খাতে জমা করিবার জন্য অনুরোধ করা হইল।

১৪। ব্যবস্থাপক,বিকেবি, সাতক্ষীরা শাখা, খুলনা।

১৫। নথি/ মহানথি / মূলনথি।

21/05/2019
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক

D:\DILIP ROY\DILIP\DILIP ANNOUNS.doc